PG Odd Semester Examination, 2022

BENGALI

(3rd Semester)

Course No.: BNGCC-304 (H)

(উত্তরপূর্ব ভারতের বাংলা সাহিত্য ও সংস্কৃতি-১)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

The figures in the right margin indicate full marks for the question.

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১. কাছাড়ি রাজারা বরাক উপত্যকার কোথায় রাজধানী স্থাপন করেছিলেন? এর আগে কাছাড়িদের রাজধানী কোথায় ছিল? উত্তর-পূর্বের বাংলা সাহিত্য চর্চার ইতিহাসে কাছাড়ি রাজসভার অবদান সংক্ষেপে আলোচনা করো। ১+১+১২=১৪

২. কোন সন্ধির ফলে উত্তর-পূর্বের পাহাড়ি জনপদগুলি একটিমাত্র কেন্দ্রীয় প্রশাসনের আওতায় আসে? সন্ধিটি কবে, কোন দুই পক্ষের মধ্যে সংঘটিত হয়েছিল? উত্তর-পূর্ব ভারতের জনগোষ্ঠীগত বৈচিত্র্য সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ১+১+২+১০=১৪

খ-গুচ্ছ

৩. অনঙ্গমোহিনী দেবী রচিত দু'টি কাব্যগ্রন্থের নামোল্লেখ করো। ''কারণ, অনঙ্গমোহিনী-র মতো কবিরাই আমাদের প্রকৃত দেশ''— উক্তিটির মর্মার্থ বিশ্লেষণ করো। ২+১২=১৪

৪. উৎপল দত্ত এবং বিজন ভট্টাচার্যের দু'টি নাটকের মঞ্চায়নের সঙ্গে হেমাঙ্গ বিশ্বাস সরাসরি যুক্ত ছিলেন— নাটক দু'টির নাম লেখো। 'তিনি গণসংগীতের এক বিরল চারণ কবি, চলার পথ অমসৃণ, কিন্তু দৃঢ় সংকল্পবদ্ধ'— মন্তব্যটি বিশদ করো। ২+১২=১৪

গ-গুচ্ছ

৫. বরাক উপত্যকার কোন বিখ্যাত পত্রিকার সম্পাদনার সঙ্গে যুক্ত ছিলেন কবি শক্তিপদ ব্রহ্মচারী? তাঁর শেষ কাব্যগ্রন্থটির নাম উল্লেখ করো। ''শক্তিপদ ব্রহ্মচারীর কবিতায় রোম্যান্টিক সুর তৎসঙ্গে ঐতিহ্যপ্রীতি অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে আছে।''— তাঁর কবিতা অবলম্বনে বিষয়টি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

৬. গত শতকের সাতের দশকে প্রকাশিত শক্তিপদর দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো। শক্তিপদ ব্রহ্মচারীর কবিতায় স্থির প্রাজ্ঞ এক দার্শনিকতার সঙ্গে মননশীল শব্দ ব্যবহারের যে নৈপুণ্য চোখে পড়ে সে-সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১+১+১২=১৪

ঘ-গুচ্ছ

৭. অনুরূপার আত্মকথার খণ্ডিত পূর্বলেখ কোনটি? 'নানা রঙের দিন' কখন প্রকাশিত হয়? 'অসংকোচে সব বলার জন্য কলম ধরেছি এই ভেবে যে এসব আমার শুধু ব্যক্তিগত বা পারিবারিক বৃত্তান্ত নয়, এর সমসূত্রে গেঁথে রয়েছে দেশকালের কথা'— 'নানা রঙের দিন' অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

৮. আত্মজীবনীর সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিরূপণ করো। 'নানা রঙের দিন' অবলম্বনে বিপ্লবী অনুরূপার পরিচয় দাও। ৪+১০=১৪

ঙ-গুচ্ছ

৯. 'গুণধরের অসুখ' নাটকটি কত সালে, কোথায় প্রথম অভিনীত হয়েছিল? 'এই পাগলামোটাই আসলে গুণধর বা গুণধরের মতো আরও অনেকের অসুখ— মানুষকে ভালোবাসা।' এই মন্তব্যের নিরিখে গুণধর চরিত্রটিকে বিশ্লেষণ করো। ২+১২=১৪

১০. 'বাংলা নাট্য সমুচ্চয়' গ্রন্থের সম্পাদকের নাম লেখো। 'অন্তঃশীলা' নাটকের সর্বমোট চরিত্র সংখ্যা কত? একটি সংগত নাট্যকাহিনীর ভিতর দিয়ে জয়া নারীর সংসার জীবনের সহ্য করা বেদনা ব্যঞ্জনা একটি দীর্ঘশ্বাসের নাট্য আস্বাদ দিয়েছেন।'— 'বাংলা নাট্য সমুচ্চয়' গ্রন্থের জয়া দেবের 'অন্তঃশীলা' নাটক সম্পর্কে সমালোচকের এই মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

****